

আবাহন

১নং

তাল-কাওয়ালী

রাগিনী-কেদারা

সুন্দর সুন্দর অতিশয় মনোহর—
আমাদের ঠাকুর, আমাদের সুন্দর ॥

১। শুভদিনে জনমিলে ওড়াকান্দী ধামে
বিশ্ব মাতাইলে 'হরি-গুরু' নামে—
মোহন মূরতি শুভ্র কলেবর ॥

২। জ্যোৎসনা-খচিত ইন্দীবর তনু,
পদতলে শোভে শতকোটি ভানু ।
পাপ-তাপ নাশি, আপনি ভাস্বর ॥

৩। পীযুষ পুরিত মধুমাথা বাণী,
কৃপা টল-টল হৃদয় খানি
বিশ্ব প্রেম রসে তনু জর জর ॥

৪। বিশ্ব গাহে তব জয় গুণগান—
দীন হীনে কথা করছে মহান—
নিখিল মতুয়া কুল কর্ণধার ॥

---মহানন্দ হালদার